আলেক্সেই লাপ্‌তেভ
হরেক রকম ছানাপোনা
ছবি এঁকেছেন
কবি নিজে

— হরিণ, বাছা, ভয় পেও না!
দেখি — বাদাম চিবোও না।

শালগম তো ধরলো দু-জন,
কার যে ওটা হবে এখন?

— তুমি তো খোকা ফারগাছেরই —
এই মোচাটা তোমার না কি?

হয় এমনও — বলবো কারে?
ও মারে ঢুঁ, এ চাট মারে।

দু-ভাই এরা চটপটে বেশ,
নদীর পারে এদের দেশ।

খুঁজবো না হয় দু-জনে ভাই,
কিন্তু — খুঁজে কোথায় পাই?

অনেক খুঁজে বললো: ‘সে কি!
উবে গেল যে ভোমরা দেখি!’

তুলি-কলম খারাপ কিসে
যদি করো কাজ মিলেমিশে?

ভাইবোনেতে রোজ সকালে
পড়তে যে যায় ও-পাঠশালে।

নাক উঁচালো হাঁসের পো —
‘ছাড়িয়ে গেছি বাপকে তো!’

— এই ধরেছি সারাটা দিনে —
নাও উপহার জন্মদিনে।

— দুঃখে মরি — কম্মো কাবার!
হারালো কি না মুখের খাবার!

অবাক শামুক ভিরমি খায়:
‘এ্যায়সা জোরে শশক যায়!’

লুকোচুরি কি খেলতে চাও?
তাহলে খুব, লেজ লুকাও।

দু-মাথাতে বসলো যখন,
আর দোলে না দোলনা তখন।

চানের জল থাকলে পরে
করতো সিনান এমনি করে।

লেজেই ধনী লেজের মালিক —
দূর থেকে ঠিক চিনবে শালিক।

তরমুজেরই খোসায় কি না
তৈরি হলো দোলনাখানা!

মূল রুশ থেকে অনুবাদ: হায়াৎ মামুদ

А. Лаптев
МАЛЫШИ
На языке бенгали

প্রগতি প্রকাশন · মস্কো

Л $\frac{70801\text{-}145}{014\,(01)\text{-}80}$ 656-80 4803010102

সোভিয়েত ইউনিয়নে মুদ্রিত